

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৩৬

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৪৫. নাপাক ব্যক্তি কুরআন স্পর্শ করবে না

بَابٌ فِي نَهْيِ الْمُحْدِثِ عَنْ مَسِّ الْقُرْآنِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا الْحَسَّانِيُّ ، نَا وَكِيعٌ ، نَا الْأَعْمَشُ ، عَنْ إِبْرَاهِيمَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ ، قَالَ : " كُنَّا مَعَ سَلْمَانَ ، فَخَرَجَ فَقَضَى حَاجَتَهُ ، ثُمَّ جَاءَ ، فَقُلْتُ : يَا أَبًا عَبْدِ اللَّهِ ، لَوْ تَوَضَّا أَتَ ؛ لَعَلَّنَا أَنْ نَسْأَلَكَ عَنْ آيَاتٍ . فَقَالَ : إِنِّي لَسْتُ أَمَسُّهُ ، إِنَّمَا ( لَا يَمَسُّهُ إِلَّا الْمُطَهَّرُونَ ) فَقَرَأً عَلَيْنَا مَا يَشَاءُ . كُلُّهُمْ ثِقَاتُ

## বাংলা

৪৩৬(৯). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আবদুর রহমান ইবনে ইয়াযীদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা (এক সফরে) সালমান ফারসী (রাঃ)-এর সাথে ছিলাম। তিনি বের হয়ে গিয়ে প্রাকৃতিক প্রয়োজন সাড়লেন, তারপর ফিরে আসলেন। আমি বললাম, হে আবু আবদুল্লাহ! আপনি উযু করলে আমরা আপনার নিকট কুরআনের আয়াত সম্পর্কে জিজ্ঞেস করতাম। তিনি বললেন, আমি তো কুরআন স্পর্শ করবো না। নিশ্চয়ই পবিত্র ব্যক্তি ব্যতীত অন্য কেউ কুরআন স্পর্শ করতে পারে না। তিনি ইচ্ছামত আমাদের নিকট আয়াত পাঠ করলেন। এই হাদীসের সমস্ত রাবী নির্ভরযোগ্য।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন